MOUNT CARMEL
A Member of Trinity Health

**আর্থিক সহায়তা:** Trinity Health চিকিৎসার প্রয়োজনীয়তার ভিত্তিতে আমাদের কাছে আসা সকল ব্যক্তিকে যত্ন, চিকিৎসা ও পরিষেবা দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

***আর্থিক সহায়তা পলিসি***

- আপনার আয়ের ভিত্তিতে আর্থিক সাহায্য দেওয়া হয়ে থাকে। এটিকে ফেডেরাল পভার্টি লেভেল নির্দেশিকা ব্যবহার করে সংজ্ঞায়িত করা হয়েছে।
- আপনি যদি ফেডেরাল পভার্টি লেভেল নির্দেশিকায় দেওয়া সীমা থেকে [200]% বা তার থেকেও কম আয় করেন, তাহলে আপনি সম্পূর্ণ ছাড় পেতে পারেন। এটি চিকিৎসাগত দিক থেকে আবশ্যক পরিষেবাগুলিতে প্রযোজ্য।
- আপনি যদি ফেডেরাল পভার্টি লেভেলের [201]% থেকে [400]%-এর মধ্যে আয় করেন, তাহলে আপনি আংশিক ছাড় পেতে পারেন।
- Trinity Health যোগ্য রোগীদের কাছ থেকে Medicare ছাড়ের হার থেকে বেশি চার্জ করবে না।
- আপনার কো-পে, কো-ইন্স্যুরেন্স এবং বাদ দেওয়ার মতো কিছু থাকলে, সেসবের ওপর ছাড় পাওয়া যেতে পারে। আপনি যদি ফেডেরাল পভার্টি লেভেলের [400]%-এর থেকে কম আয় করেন, তবে আপনি সহায়তা পাওয়ার যোগ্য বিবেচিত হতে পারেন।

*এখান থেকে ফেডেরাল পভার্টি লেভেল নির্দেশিকা রিভিউ করুন*

https://aspe.hhs.gov/topics/poverty-economic-mobility/poverty-guidelines]

- যদি আপনার খরচ বিপত্তির পর্যায়ে চলে যায়, তবে আপনি ছাড় পেতে পারেন। এমনটা ঘটে, যখন বিগত 12 মাসে আপনার চিকিৎসাখাতে হওয়া খরচ আপনার পারিবারিক আয়ের 20% -এর থেকে বেশি হয়। এই ছাড়টি আপনার কো-পে-তেও পাওয়া যেতে পারে। এটি এমনকি আপনার কো-ইন্স্যুরেন্স এবং বাদ দেওয়ার মতো কিছু থাকলে, সেসবের ওপরেও পাওয়া যেতে পারে।

কসমেটিক সার্জারির মতো ঐচ্ছিক পরিষেবাগুলি আর্থিক সহায়তা পাওয়ার জন্য বিবেচিত হয় না।

আর্থিক সহায়তার আবেদন করতে, আবেদনপত্রটি পূরণ করে জমা দিন। Trinity Health আর্থিক সহায়তা পলিসি এবং আবেদনপত্রটি হাসপাতালের ওয়েবপেজে উপলব্ধ Apply Now I Mount Carmel Health System। এছাড়াও আপনি যেখান থেকে যত্ন পরিষেবা পেয়েছেন, সেখানে দেখা করে, চিঠি পাঠিয়ে বা ফোন করে অথবা Trinity Health Enterprise Patient Financial Services, 20555 Victor Parkway, Livonia, MI 48152, টোল ফ্রি নম্বর 800-494-5797-এ যোগাযোগ করে পলিসি ও আবেদনপত্রটির একটি ফ্রি কপির অনুরোধ করতে পারেন।

Trinity Health আর্থিক সহায়তা পলিসি, আবেদনপত্র ও নিজস্ব ভাষায় সহজভাবে সংক্ষেপে বুঝিয়ে বলার নথিটি অন্যান্য ভাষায় অনুবাদ করা হয়েছে এবং উপরিউক্ত হাসপাতাল বা রোগীর আর্থিক পরিষেবা (Patient Financial Services) দপ্তরে যোগাযোগ করে পাওয়া যেতে পারে।

***সরবরাহকারীদের তালিকা:*** আপৎকালীন পরিষেবা বা হাসপাতাল চত্বরে চিকিৎসাগত দিক থেকে প্রয়োজনীয় যত্ন পরিষেবা প্রদানকারী, যাদের হাসপাতালের আর্থিক সহায়তা পলিসির মাধ্যমে কভার করা হয়, তাদের তালিকা অনলাইনে বা অনুরোধের ভিত্তিতে পাওয়া যেতে পারে।

***স্বল্প মেয়াদের ও দীর্ঘ মেয়াদের পেমেন্ট প্ল্যান:*** আপনি আপনার ভাগের অর্থ প্রদান না করতে পারলে, স্বল্প মেয়াদের ও দীর্ঘ মেয়াদের পেমেন্ট প্ল্যানের যোগ্য বিবেচিত হতে পারেন। Trinity Health-এর স্বল্পমেয়াদী পেমেন্ট প্ল্যানে কোনও ইন্টারেস্ট বা সুদ ধার্য হয় না। রোগীকে অবশ্যই এক বছরের মধ্যে বকেয়া পরিশোধ করতে হয়। যদি আপনি এক বছরের মধ্যে সম্পূর্ণ বকেয়া পরিশোধ না করতে পারেন, তাহলে আপনি দীর্ঘমেয়াদী সুদ বহনকারী প্ল্যান পেতে পারেন।

***রোগীর আর্থিক পরিষেবা:*** আপনাকে সাহায্য করতে আর্থিক পরামর্শদাতারা রয়েছেন। আর্থিক সাহায্যের আবেদনপত্র পূরণে তারা আপনাকে সাহায্য করবেন। কোন সহায়তা উপলব্ধ, সে ব্যাপারে তারা সিদ্ধান্ত নেবেন। এর মধ্যে Medicaid পাওয়ার যোগ্যতা মূল্যায়ন অন্তর্ভুক্ত।

যেখানে আপনি যত্ন পরিষেবা নিয়ে থাকেন, সেখানে আর্থিক পরামর্শদাতার সাথে যোগাযোগ করতে পারেন। আপনি আর্থিক সাহায্য পাওয়ার যোগ্য কিনা, সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে আর্থিক পরামর্শদাতা সাহায্য করতে পারেন। এছাড়াও আর্থিক পরামর্শদাতা আর্থিক সহায়তা পলিসি, আবেদনপত্র ও নিজস্ব ভাষায় সহজভাবে সংক্ষেপে লেখা নথির কপি বিনামূল্যে দিতে পারেন।